

ঢাকা আন্তর্জাতিক প্লাস্টিক মেলা শুরু ২৪ জানুয়ারি

- A Monitor Desk Report

Date: 11 January, 2024



ঢাকা: রাজধানী ঢাকার ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) ২৪ জানুয়ারি থেকে শুরু হচ্ছে ১৬তম বাংলাদেশ আন্তর্জাতিক প্লাস্টিক, প্রিন্টিং ও প্যাকেজিং ইন্ডাস্ট্রি ফেয়ার।

বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশনের (বিপিজিএমইএ) আয়োজনে ৪ দিনব্যাপী এ মেলা চলবে ২৭ জানুয়ারি পর্যন্ত।

আন্তর্জাতিক এ মেলায় প্রতি বছর প্রচুরসংখ্যক মেশিনারিজ, মোল্ড, কাঁচামাল উৎপাদনকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠানসহ দেশে ব্যবহৃত বিভিন্ন ধরনের প্লাস্টিক পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অংশ নিয়ে থাকে। এ বছর মেলায় অংশ নেবে দেশ-বিদেশের অন্তত ৬০০টি প্লাস্টিক মেশিনারি ও কাঁচামাল তৈরির বর্যান্ড। মেলায় স্টল থাকবে প্রায় ৮০০টি। দর্শনার্থীদের জন্য প্রতিদিন দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত উন্মুক্ত থাকবে এ মেলা।

-B